

পূর্ব মেদিনীপুর জেলা পরিষদ

পোষ্ট - তমলুক :: জেলা- পূর্ব মেদিনীপুর

পত্রাঙ্ক নং- ২৮২/১৩৩/১৬

তারিখ ২৫.১০.১৭

বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণকে জানানো যায় যে, পূর্ব মেদিনীপুর জেলা পরিষদের পরিচালনাধীন পাঁশকুড়া দৈনিক স্টেশন বাজারের ইজারা আদায়ের অনুমতি প্রকাশ্য নীলামের মাধ্যমে দেওয়া হইবে। প্রকাশ্য নীলাম ডাক আগামী ২২.১১.২০১৭ তারিখ বুধবার দুপুর ১২ টায় পূর্ব মেদিনীপুর জেলা পরিষদ কার্যালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হইবে। উক্ত ডাকে অংশগ্রহন করিতে ইচ্ছুক সর্বসাধারণ উল্লিখিত সময়ে ও স্থানে উপস্থিত হইয়া নিজ নিজ নামে ডাক দিবেন। এক্ষেত্রে সর্বসাধারণ ডাকে অংশগ্রহন করিতে পারিবেন।

প্রকাশ থাকে যে উক্ত বাজারের নীলাম ডাকে ন্যূনতম সরকারী ধার্য হইয়াছে ৪০,৩১,০০০.০০ (চল্লিশ লাখ একত্রিশ হাজার) টাকা। যারা উক্ত নীলাম ডাকে অংশগ্রহন করিবেন তাঁদের উক্ত আমানত বাবদ ৪,০৩,১০০.০০ টাকা (চার লক্ষ তিন হাজার একশত) টাকা নীলাম ডাকের পূর্বে Bank draft এ জমা দিতে হইবে। নীলাম ডাকের পরে সর্বোচ্চ প্রথম দ্বিতীয় এবং তৃতীয় ডাককারী ব্যাতিরেকে অন্যান্য ডাককারীদিগকে ঐ আমানতের অর্থ সঙ্গে সঙ্গে ফেরৎ দেওয়া হইবে।

যে সমস্ত নিয়মে নীলাম ডাক সম্পন্ন হইবে তাহা সংক্ষেপে নিম্নে পদস্ত হইল

১। পূর্ব মেদিনীপুর জেলা পরিষদ পরিচালনাধীন পাঁশকুড়া দৈনিক স্টেশন বাজারটি আগামী ১লা পৌষ ১৪২৪ থেকে ৩০শা অগ্রহায়ন ১৪২৫ বাংলা সন পর্যন্ত (এক বছরের জন্য) নীলাম ডাক করা হইবে। বাজারের ইজারা আদায়ের ভার কেবল মাত্র ১লা পৌষ ১৪২৪ থেকে ৩০শা অগ্রহায়ন ১৪২৫ বাংলা সন পর্যন্ত (এক বছরের জন্য) থাকবে।

২। উক্ত নীলাম ডাক সর্বোচ্চ বিধায় গৃহীত হইলে উক্ত ডাককারীকে ডাকের সমূহ অর্থ নগদে অথবা Bank draft এ তৎক্ষণাৎ অত্র অফিসে জমা দিতে হইবে।

৩। প্রথম সর্বোচ্চ ডাককারী যদি তার ডাকের সমূহ অর্থ সঙ্গে সঙ্গে জেলা পরিষদ অফিসে জমা দিতে না পারেন তবে দ্বিতীয় সর্বোচ্চ ডাককারীকে তার ডাকের সমূহ অর্থ মিটিয়ে ইজারা পাওয়ার সুযোগ দেওয়া হইবে। যদি তিনি তার ডাকের সমূহ অর্থ সঙ্গে সঙ্গে মিটিয়ে দিতে না পারেন অনুরূপভাবে তৃতীয় সর্বোচ্চ ডাককারীকে সুযোগ দেওয়া হইবে এবং এই প্রক্রিয়া পর্যায়ক্রমে চলিতে থাকিবে। তবে যদি পাশাপাশি ডাককারীর মধ্যে খুব বেশী টাকার পার্থক্য থাকে তবে সে ক্ষেত্রে জেলা পরিষদ কর্তৃপক্ষ ডাক বাতিল বলিয়া ঘোষনা করিতে পারিবেন। সর্বোচ্চ ডাকের সমূহ অর্থ তৎক্ষণাৎ জমা না দিলে তার জমা দেওয়া আমানত অর্থ বাজেয়াপ্ত হইবে। তখন দ্বিতীয় ও তৃতীয় ডাককারীকে পর্যায়ক্রমে অনুরূপ সুযোগ প্রদান করা হইবে। আমানত অর্থ বাজেয়াপ্ত করার ক্ষেত্রে একই নিয়ম প্রযুক্ত হইবে। সরকারী ডাকের অর্থ Bank Draft এ State Bank of India, Tamluk Rly, Station Branch এর উপর Financial Controller & Chief Accounts Officer, Purba Meidnipur Zilla Parishad এর অনুকূলে প্রস্তুত করিয়া নিয়ে আসিতে পারিবেন। কিন্তু সর্বোচ্চ ডাকের অর্থ তৎক্ষণাৎ জমা দিতে হইবে। কোনরূপ ওজর আপত্তি শোনা হইবে না।

৪। ডাক চলাকালীন সময় প্রয়োজন বোধে কর্তৃপক্ষ সভায় টাকা দর্শনার জন্য বলিতে পারিবেন এবং ডাককারী তাহা দর্শাইতে বাধ্য থাকিবেন। যদি টাকা দর্শাইতে না পারেন তাহলে তাকে পরবর্তী রাউন্ড থেকে শেষ রাউন্ড পর্যন্ত ডাক দিতে দেওয়া হইবে না।

৫। কোনরূপ কারন না দর্শাইয়া কোন ডাক গ্রহন বা বাতিল করিবার ক্ষমতা কর্তৃপক্ষের থাকিবে। জেলা পরিষদের সিদ্ধান্তই চূড়ান্ত সিদ্ধান্ত বলিয়া গন্য হইবে।

৬। যে সকল ডাককারী ডাক করিয়া পরবর্তীকালে উক্ত বাজারের ইজারা লইতে অস্বীকার করিবেন বা পুরো টাকা দিতে না পারিবেন তাহাদের অগ্রিম জমা টাকা বাজেয়াপ্ত করা হইবে এবং তাঁরা তাদের ডাকের পরিমাণ অর্থ তথা ঐ সময় কালীন খাজনার টাকার জন্য দায়ী হইবেন। প্রতারণার জন্য দণ্ডবিধি আইনানুসারে দণ্ডনীয় হইবেন এবং পরবর্তী কালে উক্ত বাজার পুনরায় নীলাম ডাক হইলে তাহাতে জেলা পরিষদের যে পরিমাণ অর্থ ক্ষতি হইবে তাহার জন্য দায়ী থাকিবেন।

৭। যদি কোনো ডাককারী নিজ নাম গোপন করিয়া কাল্পনিক নামে ডাক করেন অথবা নোটিশের এবং এগ্রিমেন্টের শর্ত অথবা কর্তৃপক্ষের ও জেলা পরিষদের আদেশাদি পালন না করেন অথবা অন্য কোন প্রকারে জেলা পরিষদকে প্রতারিত করিবার চেষ্টা করিয়াছেন বলিয়া প্রমানিত হয় তবে তিনি দণ্ডবিধি আইন অনুসারে দণ্ডনীয় হইবেন।

